

অধ্যায় – ৫

৫.১ – বাংলায় ছাপাখানার বিকাশ

1. মুদ্রন শিল্পের বিকাশ প্রথম কবে, কোথায় হয়?
--- চিনে, ৮৬৮ খ্রিঃ।
2. আধুনিক মুদ্রনযন্ত্রের আবিষ্কার কে, কবে, কোন দেশে করেন?
--- জোহান্নেস গুটেনবার্গ, ১৪৫৪ খ্রিঃ, জার্মানিতে।
3. ছাপাখানার জনক কাকে, কেন বলা হয়?
--- জোহান্নেস গুটেনবার্গ কে, কারণ তিনি আধুনিক যন্ত্রের আবিষ্কার করলে ছাপাখানার জগতে বিপ্লব ঘটে যায়।
4. ছাপা অক্ষরের প্রথম বই কোনটি?
--- বাইবেল।
5. ভারতে সর্বপ্রথম ছাপাখানা কবে, কাদের উদ্যোগে কোথায় প্রতিষ্ঠিত হয়?
--- ১৫৫৬ খ্রিঃ, পর্তুগীজদের।
6. জেমস অগাস্টাস হিকি কবে, কোথায় ছাপাখানা প্রতিষ্ঠা করেন?
--- ১৭৭৭ খ্রিঃ কলকাতায়।
7. বাংলা মুদ্রন শিল্পের জনক কাকে বলা হয়? তিনি কবে, কোথায় ছাপাখানা প্রতিষ্ঠা করেন?
--- চার্লস উইলকিনস (তিনি বাংলায় ছাপার কাজের জন্য ইস্ট ইন্ডিয়া কোম্পানির কর্মকর্তা ছিলেন), ১৭৭৮ খ্রিঃ চুচুড়ায়।
8. বাংলা অক্ষরের টাইপ বা নক্সা সর্বপ্রথম কে করেন?
--- চার্লস উইলকিনস।
9. বাংলা মুভেবল টাইপ কে আবিষ্কার করেন?
--- ব্রাসি হ্যালহেড।
10. পঞ্চানন কর্মকার (পঞ্চানন মল্লিক) বিখ্যাত কেন? অথবা, বাংলার ছাপাখানার বিকাশে পঞ্চানন কর্মকারের ভূমিকা কী ছিল?
--- পঞ্চানন কর্মকার বাংলা অক্ষরের টাইপকে আরও মার্জিত করেন। ধাতুর উপর নকশা খোদাই এর পুরুষানুক্রমিক জীবিকার অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে ছেনি দিয়ে কাটা বাংলা হরফ তৈরি করেন। তিনি শ্রীরামপুর মিশন প্রেসেও যোগ দেন। তাঁর তৈরি অক্ষর দিয়েই হ্যালহেড এর বই 'এ গ্রামার অব দ্য বেঙ্গল ল্যাঙ্গুয়েজ' প্রকাশিত হয়। তাঁকে বাংলার বিশ্বকর্মা বলা হত।
11. মার্জিত বাংলা হরফের প্রথম কারিগর কে ছিলেন?
--- পঞ্চানন কর্মকার।
12. বাংলার বিশ্বকর্মা কাকে বলা হতো?
--- পঞ্চানন কর্মকার।
13. বাংলা ভাষায় প্রথম ছাপা বই কোনটি? এটি কে রচনা করেন? এটি কবে প্রকাশিত হয়?
--- 'এ গ্রামার অব দ্য বেঙ্গল ল্যাঙ্গুয়েজ'। ব্রাসি হ্যালহেড। ১৭৭৮-৭৯ খ্রিঃ।
14. হ্যালহেডের বাংলা ব্যাকরণ কোথায় ছাপা হয়?
--- এন্ড্রুজের প্রেস থেকে।
15. বাংলা ছাপাখানার ইতিহাসে ১৭৭৮ খ্রিঃ গুরুত্বপূর্ণ কেন?
--- ১৭৭৮ খ্রিঃ ব্রাসি হ্যালহেড A Grammar of the Bengal Language নামে একটি গ্রন্থ প্রকাশ করেন। বাংলা ভাষায় ছাপা প্রথম গ্রন্থ এটি। এই গ্রন্থ ছাপার জন্য চার্লস উইলকিনস বাংলা হরফ তৈরি করেন। তাঁকে সাহায্য করেন পঞ্চানন কর্মকার। বাংলা হরফের আবিষ্কার হলে বাংলা মুদ্রনের দিগন্ত খুলে যায়।
16. লাইনো টাইপ কী? এটি কে তৈরি করেন? এর গুরুত্ব কী?
--- লাইনো টাইপ হল উন্নত বাংলা অক্ষরের টাইপ।
 - এটি তৈরি করেন সুরেশ চন্দ্র মজুমদার।
 - লাইনো টাইপ আবিষ্কারের ফলে মুদ্রন শিল্পে যুগান্তকারী পরিবর্তন আসে। বাংলা ভাষা ও সাহিত্যেও তার প্রভাব পরে।
17. পূর্ব বঙ্গে প্রথম ছাপাখানা কবে, কোথায় প্রতিষ্ঠিত হয়?
--- ১৮৪৭ খ্রিঃ রংপুরে।
18. ঢাকা প্রেস কবে গড়ে ওঠে?
--- ১৮৫৬ খ্রিঃ।
19. শ্রীরামপুর মিশন প্রেস কবে, কার উদ্যোগে গড়ে ওঠে?
--- ১৮০০ খ্রিঃ, উইলিয়াম কেরি।
20. রামরাম বসুর পরিচয় দাও।
--- রামরাম বসু ছিলেন উইলিয়াম কেরির মুন্সি। তাঁর লেখা 'প্রতাপাদিত্য চরিত্র' ১৮০১ খ্রিঃ প্রকাশিত হয়।
21. 'প্রতাপাদিত্য চরিত্র' কবে, কোন ছাপাখানা থেকে প্রকাশিত হয়?
--- ১৮০১ খ্রিঃ, শ্রীরামপুর মিশন প্রেস থেকে।
22. বাংলার মুদ্রন ইতিহাসে ১৮০০ খ্রিঃ গুরুত্বপূর্ণ কেন?
--- ১৮০০ খ্রিঃ একদিকে শ্রীরামপুর ব্যাপটিস্ট মিশন, অন্যদিকে কলকাতায় ফোর্ট উইলিয়াম কলেজ প্রতিষ্ঠিত হয়। আলাদা উদ্দেশ্য নিয়ে প্রতিষ্ঠান দুটি গড়ে উঠলেও এক সহযোগিতার সম্পর্ক তৈরি হয়েছিল, যার ফলে একদিকে যেমন বাংলা গদ্যের শ্রীবৃদ্ধি হয়, অন্যদিকে বাংলার মুদ্রন শিল্পও গতি পেয়েছিল।
23. কোন বড়লাট বাংলায় ছাপাখানা প্রতিষ্ঠার উদ্যোগ নেন?
--- ওয়ারেন হেস্টিংস।
24. হিন্দুস্থানী প্রেস কে, কবে প্রতিষ্ঠা করেন?
--- গিলক্রিস্ট, ১৮০২ খ্রিঃ।
25. পার্সিয়ান প্রেস কে, কবে প্রতিষ্ঠা করেন?
--- ম্যাথু ল্যাম্পসডেন, ১৮০৫ খ্রিঃ।
26. সংস্কৃত প্রেস কে, কবে প্রতিষ্ঠা করেন?
--- বাবুরাম, ১৮০৭ খ্রিঃ।

27. দিগদর্শন (মাসিক পত্রিকা) কবে প্রকাশিত হয়? এর সম্পাদনা কে করেন?

--- ১৮১৮ খ্রিঃ, মার্শম্যান। (শ্রীরামপুর প্রেস থেকে প্রকাশিত)

28. সমাচার দর্পন (সাপ্তাহিক পত্রিকা) কবে প্রকাশিত হয়? এর সম্পাদনা কে করেন?

--- ১৮১৮ খ্রিঃ, মার্শম্যান। (শ্রীরামপুর প্রেস থেকে প্রকাশিত)

29. ভারত/দক্ষিণ এশিয়ার প্রথম সাপ্তাহিক পত্রিকা কোনটি? এটি কে, কবে রচনা করেন?

--- হিকি সাহেবের বেঙ্গল গেজেট। জেমস অগাস্টাস হিকি, ১৭৮০ খ্রিঃ।

30. প্রথম বাংলা সংবাদপত্রের নাম লেখ।

--- ঈশ্বরচন্দ্র গুপ্তের সংবাদ প্রভাকর (১৮৩১ খ্রিঃ। এটি প্রথমে সাপ্তাহিক ও ১৮৩৯ খ্রিঃ থেকে দৈনিক প্রকাশিত হত।)

31. ক্যালকাটা গেজেট কে প্রকাশ করেন?

--- গ্লাডউইন।

32. অমৃতবাজার পত্রিকা প্রকাশনার উদ্যোগ কে নেন?

--- শিশির কুমার ঘোষ, মতিলাল ঘোষ।

33. বেঙ্গল গেজেট কার সম্পাদনায় কোথা থেকে প্রকাশিত হয়?

--- গঙ্গাকিশোর ভট্টাচার্য, কলকাতা।

34. বাংলা ভাষায় প্রথম সচিত্র গ্রন্থ কে প্রকাশ করেন?

--- গঙ্গাকিশোর ভট্টাচার্য।

35. কলকাতায় প্রথম প্রেস প্রতিষ্ঠা করেন কোন বাঙালী?

--- গঙ্গাকিশোর ভট্টাচার্য।

36. প্রথম বাঙালী প্রকাশক ও পুস্তক বিক্রেতার নাম লেখ।

--- গঙ্গাকিশোর ভট্টাচার্য।

37. প্রথম বাঙালি সংবাদ পত্রের প্রকাশক কে?

--- গঙ্গাকিশোর ভট্টাচার্য।

38. সম্বাদ কৌমুদী কবে, কার উদ্যোগে প্রকাশিত হয়?

--- ১৮২১ খ্রিঃ, রামমোহন রায়।

39. সমাচার চন্দ্রিকা কবে, কার উদ্যোগে প্রকাশিত হয়?

--- ১৮২২ খ্রিঃ, ভবানিচরন বন্দ্যোপাধ্যায়।

40. সংবাদ প্রভাকর কবে, কার উদ্যোগে প্রকাশিত হয়?

--- ১৮৩১ খ্রিঃ, ঈশ্বরচন্দ্র গুপ্ত।

41. তত্ত্ববোধিনী পত্রিকা কবে, কার উদ্যোগে প্রকাশিত হয়?

--- ১৮৪৩ খ্রিঃ, দেবেন্দ্রনাথ ঠাকুর।

42. শ্রীরামপুর ত্রয়ী কাদের বলা হতো?

--- উইলিয়াম কেরি, জেসুয়া মার্শম্যান, উইলিয়াম ওয়ার্ড।

43. ক্যালকাটা স্কুল বুক সোসাইটি কবে, কাদের উদ্যোগে, কেন প্রতিষ্ঠিত হয়?

--- ১৮১৭ খ্রিঃ, উইলিয়াম কেরি, জেসুয়া মার্শম্যান, উইলিয়াম ওয়ার্ড - এর উদ্যোগে, স্কুলপাঠ্য বই ছাপিয়ে কম খরচে বা বিনামূল্যে ছাত্রছাত্রীদের হাতে তুলে দেবার জন্য।

44. ক্যালকাটা স্কুল সোসাইটি কবে প্রতিষ্ঠা হয়?

--- ১৮১৮ খ্রিঃ।

45. ক্যালকাটা ক্রিস্চান ট্রাঙ্ক এন্ড বুক সোসাইটি কবে প্রতিষ্ঠা হয়?

--- ১৮২৩ খ্রিঃ।

46. ক্যালকাটা ক্রিস্চান স্কুল বুক সোসাইটি কবে প্রতিষ্ঠা হয়?

--- ১৮৩৯ খ্রিঃ।

47. ভার্নাকুলার লিটারেচার সোসাইটি কবে প্রতিষ্ঠা হয়?

--- ১৮৫০ খ্রিঃ।

48. এশিয়ায় প্রথম ডিগ্রি কলেজ কোথায়, কবে প্রতিষ্ঠিত হয়? এর উদ্যোগ কে নেন?

--- শ্রীরামপুরে, ১৮১৮ খ্রিঃ। উইলিয়াম কেরি, জেসুয়া মার্শম্যান, উইলিয়াম ওয়ার্ড।

49. শিশুশিক্ষা গ্রন্থটি কে, কবে রচনা করেন?

--- মদনমোহন তর্কালঙ্কার, ১৮৪৯ খ্রিঃ।

50. বর্ণপরিচয় কে, কবে রচনা করেন?

--- ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, ১৮৫৫ খ্রিঃ।

51. বিদ্যাসাগর ও মদনমোহন তর্কালঙ্কার প্রতিষ্ঠিত ছাপাখানার নাম কী?

--- সংস্কৃত প্রেস।

52. আধুনিক বাংলা বই ব্যবসার প্রথম পথপ্রদর্শক কাকে বলা হয়?

--- ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরকে।

53. বাল্যশিক্ষা কে, কবে রচনা করেন?

--- রামসুন্দর বসাক, ১৮৭৭ খ্রিঃ।

54. ব্যাকরন সার কে, কবে রচনা করেন?

--- গোবিন্দ প্রসাদ দাস, ১৮৫৯ খ্রিঃ।

55. অঙ্কবোধ কে, কবে রচনা করেন?

--- প্রানলাল চক্রবর্তী, ১৮৬৬ খ্রিঃ।

56. বাঙ্গালার ইতিহাস কে, রচনা করেন?

--- কেদারেশ্বর চক্রবর্তী

57. অর্থের সার্থকতা কে, কবে রচনা করেন?

--- আনন্দকিশোর সেন, ১৮৬৮ খ্রিঃ।

58. বাংলাদেশ ও আসামের সংক্ষিপ্ত বিবরণ কে, রচনা করেন?

--- দীননাথ সেন

59. অনারেবল কোম্পানিজ প্রেস কে, কবে, কোথায় প্রতিষ্ঠা করেন?

--- উইলকিনস, ১৭৮১ খ্রিঃ, কলকাতায়।

60. প্রথম সচিত্র বাংলা বই এর নাম লেখ। এই বইতে ছবি কে ঐকিছিলেন?

--- অনন্দামঙ্গল, রামচাঁদ রায়।

61. ইউ এন রায় এন্ড কোং কে, কবে, কোথায় প্রতিষ্ঠা করেন?

--- উপেন্দ্রকিশোর রায়চৌধুরী, ১৮৮৫ খ্রিঃ, কলকাতায়।
(১৮৯৫ খ্রিঃ এর নাম হয় ইউ এন রায় এন্ড সন্স)

62. হাফটোন ব্লক প্রিন্টিং নিয়ে ভারতে প্রথম গবেষণা কে শুরু করেন?

--- উপেন্দ্রকিশোর রায়চৌধুরী।

63. হাফটোন কী?

--- ফোটোগ্রাফকে বইতে ছাপার উপযুক্ত ব্লক তৈরির প্রযুক্তি হল হাফটোন।

64. উপেন্দ্রকিশোর রায়চৌধুরী বিখ্যাত কেন?

--- মুদ্রন শিল্প এবং শিশু সাহিত্যের ইতিহাসে উপেন্দ্রকিশোর রায়চৌধুরী এক অন্বীয় ব্যক্তিত্ব। তিনি ১৮৮৫ খ্রিঃ কলকাতায় ইউ এন রায় এন্ড কোং নামে ছাপাখানা তৈরি করেন। মুদ্রন শিল্পের বিকাশে তিনি প্রসেসিং ও হাফটোন ব্লক তৈরি করেন। শিশুসাহিত্যের বিকাশে তিনি সন্দেশ পত্রিকার সম্পাদনা করেন। তাঁর ছাপাখানা থেকে শিশু সাহিত্যের অনেক গ্রন্থও প্রকাশিত হয়। তাঁর লেখা গুপিগাইন বাঘাবাইন, টুনটুনির বই, ছেলেদের মহাভারত বাংলা সাহিত্যের সম্পদ।

65. সন্দেশ পত্রিকার প্রথম সম্পাদক কে? এটি প্রকাশনা জগতে বিখ্যাত কেন? এটি কবে প্রকাশিত হয়?

--- উপেন্দ্রকিশোর রায়চৌধুরী। প্রকাশনা জগতে এটি বিখ্যাত কারণ এই পত্রিকাতেই তিনি রঙীন ছবি ছাপার কৌশল শুরু করেন। ১৯১৩ খ্রিঃ।

66. ইউ এন রায় এন্ড সন্স থেকে প্রথম প্রকাশিত বই কোনটি?

--- টুনটুনির বই।

67. বাংলায় শিশুসাহিত্য বিকাশে উদ্যোগ কে নিয়েছিলেন?

--- উপেন্দ্র কিশোর রায়চৌধুরী প্রতিষ্ঠিত ইউ এন রায় এন্ড সন্স।

68. বটতলা প্রেস বিখ্যাত কেন?

--- কলকাতার চিৎপুর অঞ্চলের বটতলা প্রেস সাধারণ জনসাধারণ ও পাশ্চাত্য বয়স্কদের জন্য নানা রকম পুস্তক কমদামে প্রকাশ করে খ্যাতি অর্জন করেছিল।

69. বাংলায় পৃথিবীর মানচিত্র কবে প্রথম ছাপা হয়?

--- ১৯২৫ খ্রিঃ

৫.২ --- বাংলায় বিজ্ঞান ও কারিগরী শিক্ষার বিকাশ

70. শিবপুর বোটানিক্যাল গার্ডেন কে, কবে প্রতিষ্ঠা করেন?

--- কর্ণেল রবার্ট কিড, ১৭৮৭ খ্রিঃ।

71. এশিয়াটিক সোসাইটি কে, কবে প্রতিষ্ঠা করেন?

--- স্যার উইলিয়াম জোনস, ১৭৮৪ খ্রিঃ।

72. প্রথম ভারতীয় ইঞ্জিনিয়ার কাকে, কেন বলা হয়?

--- শ্রীরামপুর ছাপাখানার কর্মী গোলকচন্দ্রকে, কারণ তিনি কোনো বিদেশী যন্ত্রপাতি ছাড়াই বাষ্পীয় ইঞ্জিন তৈরি করেন।

73. ভারতে প্রথম টেলিগ্রাফ বার্তা কে পাঠান? এটির গন্তব্য লেখ।

--- কলকাতা টাঙ্কশালের কর্মী শিবচন্দ্র নন্দী।

➤ কলকাতা থেকে ডায়মন্ডহারবার পর্যন্ত।

74. Indian Association for the cultivation of Science বা IACS বা ভারতবর্ষীয় বিজ্ঞান সভা কে, কবে, কোথায় প্রতিষ্ঠা করেন?

--- মহেন্দ্রলাল সরকার ফাদার ইউজিন লাফোঁর সহায়তার, ১৮৭৬ খ্রিঃ ২৯ শে জুলাই কলকাতার বৌবাজার স্ট্রিটে।

75. IACS এর উদ্দেশ্য কী ছিল?

--- পদার্থ ও রসায়ন বিদ্যার বিভিন্ন শাখায় নিয়মিত মৌলিক গবেষণা, বিজ্ঞান বিষয়ক বক্তৃতার আয়োজন প্রভৃতি উদ্দেশ্যে।

76. কলকাতা বিজ্ঞান কলেজ বা University College of Science and Technology কে, কবে স্থাপন করেন?

--- কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য স্যার আশুতোষ মুখোপাধ্যায় ১৯১৪ খ্রিঃ, ২৭ শে মার্চ।

77. 'বেঙ্গল কেমিক্যালস' কে প্রতিষ্ঠা করেন?

--- প্রফুল্লচন্দ্র রায়।

78. বসু বিজ্ঞান মন্দির /বোস ইন্সটিটিউট কে, কবে, কোথায় প্রতিষ্ঠা করেন?

--- ১৯১৭ খ্রিঃ ৩০ শে নভেম্বর, কলকাতায়।

79. ক্রেসকোগ্রাফ যন্ত্র কে আবিষ্কার করেন? এই যন্ত্রের মাধ্যমে কী প্রমাণ করা হয়েছিল?

--- জগদীশ চন্দ্র বসু, প্রাণীর মতো উদ্ভিদের প্রাণ ও অনুভূতি আছে।

80. কলকাতা ইঞ্জিনিয়ারিং কলেজ কবে প্রতিষ্ঠিত হয়? এর বর্তমান নাম কী?

--- ১৮৫৬ খ্রিঃ, বেঙ্গল ইঞ্জিনিয়ারিং কলেজ।

81. কোন প্রতিষ্ঠানকে গোলদীঘির গোলামখানা বলা হতো এবং কেন?

--- কলকাতা বিশ্ববিদ্যালয়কে, কারণ গোলদীঘির কাছাকাছি প্রতিষ্ঠিত এই বিশ্ববিদ্যালয় শুধু ব্রিটিশদের অফিস আদালতের জন্য কেবলমাত্র তৈরি করতো। জাতীয় নেতৃবৃন্দ ব্যঙ্গ করে এই মন্তব্য করেছিল।

82. জাতীয় শিক্ষা পরিষদ কবে, কার সভাপতিত্বে, কোথায় প্রতিষ্ঠিত হয়? এর উদ্দেশ্য কী ছিল?

--- সত্যেন্দ্রনাথ ঠাকুর, ১৯০৬ খ্রিঃ ১১ ই মার্চ, কলকাতায়। এর উদ্দেশ্য ছিল জাতীয় আদর্শ অনুসারে সাহিত্য, বিজ্ঞান ও কারিগরী শিক্ষা দান করা, শিক্ষার্থীদের মধ্যে দেশসেবার মনোভাব জাগিয়ে তোলা, নৈতিক শিক্ষা দান করা, মাতৃভাষার মাধ্যমে শিক্ষার প্রসার ঘটানো প্রভৃতি।

83. বেঙ্গল ন্যাশনাল স্কুল এন্ড কলেজ কবে প্রতিষ্ঠিত হয়? এর অধ্যক্ষ কে ছিলেন?

--- ১৯০৬ খ্রিঃ ১৫ ই আগস্ট। অরবিন্দ ঘোষ।

84. বেঙ্গল টেকনিক্যাল ইন্সটিটিউট কবে, কোথায় প্রতিষ্ঠিত হয়?

--- ১৯০৬ খ্রিঃ ২৫ শে জুলাই, কলকাতায় তারকনাথ পালিতের উদ্যোগে।

85. তারকনাথ পালিত বিখ্যাত কেন?

--- উনিশ শতকের বাঙালি ব্যক্তিত্বদের মধ্যে তারকনাথ পালিতের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। তিনি পেশায় ছিলেন আইনজীবী। ১৭৮১ খ্রিঃ তিনি ইংল্যান্ড থেকে ব্যারিস্টারী পাশ করেন। ভারত তথা বাংলার বিজ্ঞান চর্চায় তাঁর উৎসাহ ছিল প্রবল। কলকাতা বিজ্ঞান কলেজ প্রতিষ্ঠায় তাঁর আর্থিক সাহায্য ছিল উল্লেখযোগ্য। এছাড়াও তাঁর প্রচেষ্টায় ১৯০৬ খ্রিঃ ১১ ই মার্চ জাতীয় শিক্ষা পরিষদ ও ২৫ শে জুলাই বেঙ্গল টেকনিক্যাল ইন্সটিটিউট প্রতিষ্ঠিত হয়।

86. বঙ্গীয় বিজ্ঞান পরিষদ কে, কবে, কোথায় প্রতিষ্ঠা করেন?

--- সত্যেন্দ্রনাথ বসু, ১৯৪৮ খ্রিঃ, কলকাতায়।

87. ভারতীয় উদ্ভিদবিদ্যার জনক কাকে বলা হয়?

--- ড. উইলিয়াম রব্ববার্গ।

88. কলকাতা মেডিক্যাল কলেজ কবে প্রতিষ্ঠিত হয়?

--- ১৮৩৫ খ্রিঃ।

89. প্রথম শব ব্যবচ্ছেদ কে, কবে, কার তত্ত্বাবধানে কলকাতা মেডিক্যাল কলেজ থেকে হয়?

--- মধুসূদন গুপ্ত, ১৮৩৬ খ্রিঃ, ডাঃ গুডিভ এর তত্ত্বাবধানে।

90. ভারতে প্রথম সার্ভেয়ার জেনারেল কে?

--- জেমস রেনেল।

91. IACS এ গবেষণা করে নোবেল পুরস্কার কে পান?

--- সি ভি রমন (১৯৩০ খ্রিঃ)।

92. Bengal Technical Institute এর প্রথম অধ্যক্ষ কে হয়েছিলেন?

--- প্রমথনাথ বসু।

93. কলকাতা বিজ্ঞান কলেজের রাজাবাজার ক্যাম্পাস টি কার নামে পরিচিত?

--- রাসবিহারি ঘোষ।

94. আধুনিক বিজ্ঞান চর্চার জনক কাকে বলা হয়?

--- মহেন্দ্রলাল সরকার।

95. যাদবপুর বিশ্ববিদ্যালয় কবে প্রতিষ্ঠা হয়?

--- ১৯৫৫ খ্রিঃ

96. জাতীয় প্রযুক্তিবিদ্যার পথিকৃত কাকে বলা হয়?

--- রাজেন্দ্রলাল মিত্র কে।

97. ভারতের প্রথম বিজ্ঞান পত্রিকা প্রকাশিত হয় কোথা থেকে?

--- রাজাবাজার বিজ্ঞান কলেজ থেকে।

৫.৩ - ঔপনিবেশিক শিক্ষা ধারনার সমালোচনা

98. 'শিক্ষা হল, বাইরের প্রকৃতি ও অন্তঃপ্রকৃতির মধ্যে সমন্বয় সান' - এই উক্তি কার?

--- রবীন্দ্রনাথ ঠাকুর।

99. রবীন্দ্রনাথ ঠাকুর কোন কোন প্রবন্ধে ঔপনিবেশিক শিক্ষার সমালোচনা করেছেন?

--- শিক্ষা সমস্যা, স্বদেশী সমাজ, শিক্ষার হেরফের, তোতাকাহিনী ইত্যাদি।

100. শান্তিনিকেতনের পূর্বনাম কী ছিল?

--- ভূবনডাঙ্গা।

101. ভূবনডাঙ্গায় কে, কেন, কবে আশ্রম প্রতিষ্ঠা করেন?

--- দেবেন্দ্রনাথ ঠাকুর, ১৯৬১ খ্রিঃ, নিভূতে ধর্মচর্চার জন্য।

102. 'শান্তিনিকেতন' নামকরণ কে করেন?

--- দেবেন্দ্রনাথ ঠাকুর।

103. ব্রহ্মবিদ্যালয় বা পাঠভবন স্কুলটি কবে প্রতিষ্ঠা হয়?

--- ১৯০১ খ্রিঃ (রবীন্দ্রনাথ ঠাকুর করেন)

104. 'কলাভবন' কবে স্থাপিত হয়?

--- ১৯০৯ খ্রিঃ

105. 'বিশ্বভারতী' কবে স্থাপিত হয়?

--- ১৯২১ খ্রিঃ

106. পদাধিকার বলে বিশ্বভারতীর পরিদর্শক, আচার্য কে হন?

--- পরিদর্শক - রাস্ত্রপতি, আচার্য - প্রধান মন্ত্রী।

107. বিশ্বভারতীর প্রথম আচার্য ও উপাচার্য কে?

--- আচার্য - জগদ্বনলাল নেহরু, উপাচার্য - রবীন্দ্রনাথ ঠাকুর।

108. বিশ্বভারতী কবে কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ে পরিণত হয়?

--- ১৯৫১ খ্রিঃ

109. রবীন্দ্রনাথ কী উদ্দেশ্যে শ্রীনিকেতন প্রতিষ্ঠা করেন?

--- গ্রামীণ সমাজের সার্বিক উন্নয়ন ঘটানোর জন্য। এর মধ্যে ছিল গ্রামের কৃষির উন্নতি সাধন, ম্যালেরিয়ার মতো রোগ প্রতিরোধ, সমবায় প্রথায় ধর্মগোলা স্থাপন, গ্রাম্যসীদের মধ্যে

স্বাস্থ্য সচেতনতা ও চিকিৎসার সুযোগ সুবিধা বৃদ্ধি। এই উদ্দেশ্যে ১৯২১ খ্রিঃ পল্লী সংগঠন কেন্দ্র স্থাপিত হয়। ১৯২৩ খ্রিঃ রবীন্দ্রনাথ এর নামকরণ করেন শ্রীনিকেতন।

110. শিক্ষাসত্র কেন প্রতিষ্ঠিত হয়?

--- ১৯২৪ খ্রিঃ রবীন্দ্রনাথ ঠাকুরের নির্দেশে গ্রামের ছেলেমেয়েদের বিনামূল্যে শিক্ষাদানের জন্য সন্তোষ মজুমদারের বাড়ীতে শিক্ষাসত্র তৈরি হয়।

111. বিশ্বভারতীর উদ্বোধক কে ছিলেন?

--- ব্রজেন্দ্রনাথ শীল।

112. মহর্ষি দাতব্য চিকিৎসালয় প্রতিষ্ঠা কোথায় হয়?

--- শিলাইদহে।

113. বিশ্বভারতী প্রতিষ্ঠার উদ্দেশ্য কী ছিল?

--- বিদ্যায় উৎপাদন, বিদ্যাদান, মুক্তচিন্তার চর্চা ও সত্যানুসন্ধানের মাধ্যমে রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক সমস্যা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি।